



বাংলাদেশ ব্যাংক প্রেস বিজ্ঞপ্তি

BANGLADESH BANK PRESS RELEASE

বার্তা সম্পাদক

ঢাকা।

তারিখ: ০৪ জুলাই ২০১৩।

সূত্র নং: ২০১৩-৪৭৫

বাংলাদেশ জাতীয় জাদুঘরের শততম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মুদ্রিত স্মারক মুদ্রা ও নোট অবমুক্তকরণ।

বাংলাদেশ জাতীয় জাদুঘরের শততম প্রতিষ্ঠা বার্ষিকী (১৯১৩-২০১৩) উদ্‌যাপনকে স্মরণীয় করে রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক একটি স্মারক নোট ও একটি রৌপ্য নির্মিত স্মারক মুদ্রা অবমুক্ত করতে যাচ্ছে। আগামী ০৮ জুলাই ২০১৩ তারিখ বিকাল ৩:৩০ ঘটিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতি উক্ত স্মারক নোট ও মুদ্রা অবমুক্তকরণ কার্যক্রম উদ্বোধন করবেন। ফোল্ডার ছাড়া শুধুমাত্র নোটের মূল্য নির্ধারণ করা হয়েছে ১০০ টাকা এবং দৃষ্টিনন্দন ফোল্ডারসহ স্মারক নোটটির মূল্য নির্ধারণ করা হয়েছে ২০০ টাকা ও জাপান থেকে মুদ্রিত স্মারক মুদ্রার বাবুসহ প্রতিটির বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়েছে ৬৩,০০০.০০ (টাকা তিন হাজার) মাত্র। উদ্বোধনের পরবর্তী দিন অর্থাৎ ০৯ জুলাই ২০১৩ তারিখ হতে এ স্মারক নোট ও মুদ্রা নির্ধারিত মূল্যে বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিস এবং পরবর্তীতে সকল শাখা অফিস হতে পাওয়া যাবে।

স্মারক নোটের ডিজাইন :

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান স্বাক্ষরিত ১৪০ মিমি x ৬২ মিমি পরিমাপের এ স্মারক নোটের এক পিঠে Horseman, terracotta plaque 18th century এর প্রতিকৃতি, প্রতিকৃতির নীচে "Horseman, terracotta plaque 18th century", এবং প্রতিকৃতির উপরে "বাংলাদেশ জাতীয় জাদুঘরের শতবর্ষ ১৯১৩-২০১৩" লেখা রয়েছে। উপরের দিকে ডানে 'বাংলাদেশ ব্যাংক' মুদ্রিত আছে এবং নোটের ডানটিকে উপরের কর্ণারে ইংরেজীতে '100' এবং নীচের কর্ণারে বাংলায় '১০০' মুদ্রিত রয়েছে।



নোটের অপর পিঠে বাংলাদেশ জাতীয় জাদুঘর ভবনের ছবি রয়েছে; ছবির উপরিভাগে '100 Years of Bangladesh National Museum 1913-2013' এবং নিম্নভাগে ইংরেজীতে 'BANGLADESH BANK' মুদ্রিত রয়েছে। নোটের ডানদিকে নীচের কর্ণারে ও বামদিকে উপরের কর্ণারে ইংরেজীতে '100' এবং বামদিকে নীচের কর্ণারে বাংলায় '১০০' মুদ্রিত রয়েছে।



মুদ্রার ডিজাইন :

- ক) মুদ্রার সম্মুখপিঠের উপরিভাগে '100 Years of Bangladesh National Museum 1913-2013' লেখা রয়েছে, মধ্যভাগে Horseman, terracotta plaque 18th century এর প্রতিকৃতি এবং নিম্নভাগে বাংলায় 'বাংলাদেশ ব্যাংক' লেখা রয়েছে। Horseman, terracotta plaque 18th century এর প্রতিকৃতির বামপাশে বাংলায় '১০০ টাকা' এবং ডানপাশে ইংরেজীতে '100 TAKA' লেখা রয়েছে।
- খ) মুদ্রার অপর পিঠের উপরিভাগে "বাংলাদেশ জাতীয় জাদুঘরের শতবর্ষ ১৯১৩-২০১৩", মধ্যভাগে বাংলাদেশ ব্যাংকের Logo এবং নিম্নভাগে ইংরেজীতে 'BANGLADESH BANK', '2013' মুদ্রিত রয়েছে।

মুদ্রার ওজন, আকৃতি ও উপাদান :

| | | |
|-------|-----------------------|-------------------|
| i) | Shape | : Round |
| ii) | Diameter | : 38 mm |
| iii) | Weight | : 22 grams |
| iv) | Thickness | : Proportionate |
| v) | Metallic Composition | : 925 fine Silver |
| vi) | Edge (Thickness area) | : Serrated |
| vii) | Year of issue | : 2013 |
| viii) | Face Value | : 100 Taka |



ধন্যবাদান্তে,

এ.এফ.এম. আসাদুজ্জামান
মহাব্যবস্থাপক, গভর্নর সচিবালয়
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

Phone: 9566209 / 01711564680

E-mail: afm.asad@bb.org.bd / afm.asad@gmail.com